

রেজিস্টার্ড নং ডি এ-১



বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, অক্টোবর ১৯, ২০২২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
কমিটি বিষয়ক শাখা
www.cabinet.gov.bd

প্রজ্ঞাপন

ঢাকা, ০২ কার্তিক ১৪২৯ বঙ্গাব্দ/ ১৮ অক্টোবর ২০২২ খ্রিস্টাব্দ

নম্বর- ০৮.০০.০০০০.৬১১.০৬.০০২.২২.১৮২—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার‘স্মার্ট বাংলাদেশ’
টাঙ্কফোর্সের নির্বাহী কমিটি’নিম্নরূপে গঠন করেছে :

(ক) কমিটির গঠন:

- | | | | |
|------|---|---|--------|
| (১) | প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয় | : | সভাপতি |
| (২) | সচিব, বাণিজ্য মন্ত্রণালয় | : | সদস্য |
| (৩) | সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয় | : | সদস্য |
| (৪) | সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ | : | সদস্য |
| (৫) | সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ | : | সদস্য |
| (৬) | সচিব, নেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ | : | সদস্য |
| (৭) | সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ | : | সদস্য |
| (৮) | সচিব, সমৰ্থ ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগ | : | সদস্য |
| (৯) | চেয়ারম্যান, বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন | : | সদস্য |
| (১০) | মহাপরিচালক, জাতীয় টেলিকমিউনিকেশন মনিটরিং
সেন্টার (এনটিএমসি) | : | সদস্য |

(১৬৭৬৩)
মূল্য : টাকা ৮.০০

(১১)	নির্বাহী পরিচালক, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল	:	সদস্য
(১২)	ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ ইই-টেক পার্ক কর্তৃপক্ষ	:	সদস্য
(১৩)	ব্যবস্থাপনা পরিচালক, স্টার্টআপ বাংলাদেশ লিমিটেড	:	সদস্য
(১৪)	প্রকল্প পরিচালক, এটুআই প্রকল্প, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ	:	সদস্য
(১৫)	বিভাগীয় প্রধান, কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়	:	সদস্য
(১৬)	বিভাগীয় প্রধান, কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়	:	সদস্য
(১৭)	সভাপতি, ফেডারেশন অব বাংলাদেশ চেম্বার্স অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (এফবিসিসিআই)	:	সদস্য
(১৮)	সভাপতি, বাংলাদেশ এসোসিয়েশন ফর সফটওয়্যার এন্ড ইনফরমেশন সার্ভিসেস (বেসিস)	:	সদস্য
(১৯)	সভাপতি, বাংলাদেশ এসোসিয়েশন অব কলসেন্টার অ্যান্ড আউটসোর্সিং (বাক্সে)	:	সদস্য
(২০)	সভাপতি, বাংলাদেশ কম্পিউটার সমিতি (বিসিএস)	:	সদস্য
(২১)	সভাপতি, ই-কমার্স এসোসিয়েশন অব বাংলাদেশ (ই-ক্যাব)	:	সদস্য
(২২)	সভাপতি, ইন্টারনেট সার্ভিস প্রোভাইডারস এসোসিয়েশন অব বাংলাদেশ (আইএসপিএবি)	:	সদস্য
(২৩)	সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ	:	সদস্য-সচিব

এ কমিটিতে ‘সচিব’ বলতে সিনিয়র সচিবও অন্তর্ভুক্ত হবেন।

(খ) কমিটির কার্যপরিধি:

- (১) বাংলাদেশকে একটি জ্ঞানভিত্তিক অর্থনীতি ও উষ্ণাবনী জাতি হিসাবে স্মার্ট বাংলাদেশ ২০৪১ প্রতিষ্ঠার নিমিত্ত নীতি নির্ধারণী সিদ্ধান্ত গ্রহণ ও বাস্তবায়নে সুপারিশ প্রদান;
- (২) স্মার্ট বাংলাদেশ ২০৪১ (Smart Citizen, Smart Society, Smart Economy and Smart Government) বাস্তবায়নে স্বল্প, মধ্য ও দীর্ঘমেয়াদি পরিকল্পনা গ্রহণ এবং বাস্তবায়নে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ;
- (৩) স্মার্ট বাংলাদেশ ২০৪১ প্রতিষ্ঠার লক্ষ্যে আইন ও প্রযুক্তিগত অবকাঠামো সৃষ্টি এবং সকল পর্যায়ে বাস্তবায়নের লক্ষ্যে বিভিন্ন পদক্ষেপ গ্রহণ ও দিক নির্দেশনা প্রদান;
- (৪) স্মার্ট বাংলাদেশ নির্মাণে সরকারি ব্যবস্থাপনার আধুনিকায়ন এবং এর উন্নয়নে একটি দক্ষ ও স্বচ্ছ ব্যবস্থাপনা কাঠামো গড়ে তোলার লক্ষ্যে সমর্পিত কার্যক্রম গ্রহণ;

- (৫) শিক্ষা, স্বাস্থ্য, কৃষি ও আর্থিক খাতের কার্যক্রমকে স্মার্ট পদ্ধতিতে রূপান্তরের সময়াবদ্ধ কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন;
- (৬) স্মার্ট এবং সর্বত্র বিরাজমান সরকার গড়ে তোলার লক্ষ্যে অর্থনৈতিক, সামাজিক, বাণিজ্যিক এবং বৈজ্ঞানিক পরিমন্ডলে তথ্য প্রযুক্তি বিষয়ক বিধিবিধান প্রণয়ন;
- (৭) রপ্তানির কাঙ্গিত লক্ষ্যমাত্রা অর্জনে মেইড ইন বাংলাদেশ পলিসি প্রণয়ন এবং সময়াবদ্ধ লক্ষ্যমাত্রা নির্ধারণে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ;
- (৮) আর্থিক খাতের ডিজিটাইজেশন বাস্তবায়নের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ;
- (৯) মাননীয় প্রধানমন্ত্রীর নেতৃত্বে গঠিত স্মার্ট বাংলাদেশ টাক্ষফোর্স কর্তৃক গঢ়ীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নে প্রয়োজনীয় পরামর্শ এবং দিক নির্দেশনা প্রদান;
- (১০) সংশ্লিষ্ট অন্যান্য বিষয়াদি।
- (গ) কমিটি প্রয়োজনে সদস্য কো-অপ্ট করতে পারবে।
- (ঘ) কমিটির সভা প্রয়োজনানুসারে অনুষ্ঠিত হবে।
- (ঙ) তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ এ কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করবে।

২। এতৎসংক্রান্ত বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগের ১৯ মে ২০১৪ তারিখের ০৪.০০.০০০০.৬১১.০০৬. ০১৯.১৪.৯৯ নম্বর প্রজ্ঞাপন বাতিল করা হলো।

৩। এটি অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

সাঈদ মাহবুব খান
অতিরিক্ত সচিব (কমিটি ও অর্থনৈতিক)
ফোন: ৯৫১১০৩৬
e-mail: addl_ce@cabinet.gov.bd